# দৈনিক ইত্তেফাক

৩৭

তারিখ ...16 OCT 1992... পৃষ্ঠা... ১... কলাম... ৫...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোক দিবস পালিত

ইত্তেফাক রিপোর্ট ॥ জগন্নাথ হল দুর্ঘটনা স্মরণে গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে শোক দিবস পালিত হয়। সকাল সাড়ে ৬টায় অপরাজেয়

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃঃ পর)

বাংলার পাদদেশ হইতে একটি শোক মিছিল বাহির হয়। বিকালে হল ছাত্র সংসদের উদ্যোগে হল মিলনায়তনে একটি স্মরণ সভা অনুষ্ঠিত হয়। হলের প্রভোস্ট জগদীশ চন্দ্র শুক্লা দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই শোক সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ওয়াকিল আহমেদ প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ডঃ রঙ্গলাল সেন, ডঃ ললিত মোহন নাথ, ডঃ পরেশ চন্দ্র মণ্ডল, শ্রী নিরঞ্জন অধিকারী, ছাত্র সংসদের ভিপি সুভাষ সিংহ রায়, অফিসার্স সমিতির সভাপতি মোহাম্মদ সেলিম প্রমুখ সভায় বক্তৃতা করেন।

প্রো-ভিসি প্রফেসর ওয়াকিল আহমেদ বলেন, জগন্নাথ হল দুর্ঘটনা ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুঃখজনক স্মৃতির মধ্যে একটি। তিনি এই দুর্ঘটনায় নিহতদের স্মৃতি রক্ষায় সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানান। সভাশেষে ঋত্বিজ শিল্পীগোষ্ঠী গণসঙ্গীত পরিবেশন করে। শোক দিবস পালন উপলক্ষে ছাত্র-ছাত্রীরা গতকাল ক্যাম্পাসে কালো ব্যাজ ধারণ করে। জগন্নাথ হলে হিন্দু বৌদ্ধ খৃষ্টানদের প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। বাদ আছর বিদ্যালয় কেন্দ্রীয় মসজিদে মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। ইহা ছাড়া জগন্নাথ হল ছাত্র সংসদের উদ্যোগে রক্তদান কর্মসূচী, নিহত ছাত্র ও অতিথিদের তৈলচিত্র প্রদর্শনের আয়োজন করা হয়।

১৫ই অক্টোবর শোক দিবস পালন উপলক্ষে গণতান্ত্রিক ছাত্র-ঐক্য, ছাত্রলীগ (নু-আ) ছাত্রলীগ (মি-ন) পৃথক কর্মসূচীর আয়োজন করে। ছাত্রঐক্য সকাল ৭টায় মধুর কেন্টিন হইতে শোক মিছিল বাহির করিয়া জগন্নাথ হল অক্টোবর স্মৃতি ভবনে পুষ্পমাল্য অর্পণ করে।

জাতীয় হিন্দু পরিষদ ঢাকেশ্বরী মন্দিরে এক স্মরণ সভার আয়োজন করে। পরিষদের সভাপতি শ্রী প্রেমরঞ্জন দেব, শ্রী মেঘ শিমুল প্রমুখ সভায় বক্তৃতা করেন। সভায় সকল ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে সাম্য, মৈত্রী, সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানান হয়। ১৫ই অক্টোবর শোক দিবস পালন উপলক্ষে বাংলাদেশ ছাত্রদল গতকাল বিকাল ৫টায় সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করে। কেন্দ্রীয় আহ্বায়ক মোজাফফর হোসেন জাকিরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় এম, এ হাসেম রাজু, জাহাঙ্গীর আলম রিপন, জহিরুল ইসলাম প্রমুখ বক্তৃতা করেন।